

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ-এর কার্যালয়
রাজশাহী।

তারিখঃ ১৩/১১/২০১৯খ্রিঃ

আদেশ নং-৪৩

রাজশাহী মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীতে কর্মরত টাইপিষ্ট/কপিষ্ট জনাব মোঃ হাফিজুর রহমান পার্শ্ববর্তী ভারত রাষ্ট্রে তাহার আত্মীয়-স্বজনদের সাথে দেখা সাক্ষাৎসহ ঐতিহাসিক ও তীর্থস্থান পরিদর্শনের লক্ষ্যে আগামী ০১/১২/১৯ খ্রিঃ তারিখ হইতে ১৫/১২/১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাওয়ার তারিখ হইতে ১৫(পনের) দিনের জন্য ভারত রাষ্ট্র ভ্রমণের অনুমতি প্রার্থনা করিলে তাহার আবেদনপত্র চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী কার্যালয়ের ০৬/১১/১৯ খ্রিঃ তারিখের ৩৬৬ নং স্মারক যোগে সুপারিশসহ অগ্রগামী করা হইয়াছে।

আবেদনকারীর আবেদন, পুরনকৃত বিদেশ ভ্রমণের আবেদন ফরম ও তাহার অর্জিত ছুটির প্রাপ্যতা সংক্রান্ত প্রতিবেদন দেখিলাম। আবেদনকারী জনাব মোঃ হাফিজুর রহমান এর অর্জিত ছুটি পাওনা থাকায় প্রার্থনা বিবেচনাক্রমে তাহাকে পার্শ্ববর্তী ভারত রাষ্ট্রে তাহার আত্মীয়-স্বজনদের সাথে দেখা সাক্ষাৎসহ ঐতিহাসিক ও তীর্থস্থান পরিদর্শনের জন্য দর্শনা চেকপোস্ট, চুয়াডাঙ্গা দিয়ে আগামী ০১/১২/১৯ খ্রিঃ তারিখ হইতে ১৫/১২/১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাওয়ার তারিখ হইতে ১৫(পনের) দিনের জন্য ভারত রাষ্ট্র ভ্রমণের অনুমতি প্রদান করা হইল।

আবেদনকারীর ভারত রাষ্ট্র ভ্রমণের জন্য সরকারী কোন অর্থ বা বৈদেশিক মুদ্রা ব্যয় হইবে না। তাহার ভারত রাষ্ট্র ভ্রমণের যাবতীয় ব্যয় আবেদনকারী নিজ হইতে ব্যয় করিবেন। তাহাকে অবশ্যই অর্জিত ছুটি গ্রহণ করিতে হইবে। ভ্রমণ শেষে অর্জিত ছুটি হিসাবে তাহার চাকুরী বহিতে লিপিবদ্ধ করা হউক।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হউক।

স্বা/-

(ও,এইচ,এম, ইলিয়াস হোসাইন)
মহানগর দায়রা জজ
রাজশাহী।

স্মারক নং-১৮৭(৬)

তারিখঃ ১৩/১১/২০১৯খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ২। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব শাখা, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।
- ৩। ইমিগ্রেশন অফিসার, দর্শনা চেকপোস্ট, চুয়াডাঙ্গা।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। জনাব মোঃ হাফিজুর রহমান, টাইপিষ্ট/কপিষ্ট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী
- ৬। আদেশ বহি/অফিস কপি।

(ও,এইচ,এম, ইলিয়াস হোসাইন)
মহানগর দায়রা জজ
রাজশাহী।